অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে দুর্যোগ প্রস্তুতি প্রচেষ্টা বলীয়ান করতে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

বিধিমালা (A.25/S.3275) বিশেষ কিছু ইউটিলিটি ও অন্য কর্মীদের জরুরি অবস্থায় ঘোষিত যাতায়াত নিষেধাজ্ঞা থেকে রেহাই দেয়

বিধিমালা (A.1905/S.1086) ফার্মেসি, হাসপাতাল, এবং নার্সিং হোমগুলির জন্য ঘোষিত দুর্যোগের সময় ওষুধ ও মেডিকেল সরঞ্জাম সরবরাহ করার একটি পরিকল্পনা রাখা আবশ্যক করে

বিধিমালা (A.3217A/S.931A) নিশ্চিত করে যাতে বিশেষ মেডিকেল ডিভাইস ব্যবহারকারী ব্যক্তিদের কাছে জরুরি অবস্থায় বিদ্যুৎ পাওয়ার সুযোগ থাকে

বিধিমালা (A.3318C/S.926C) পুলিশ বিভাগ, দমকল বিভাগ, এবং অ্যাম্বুলেন্স পরিষেবার জন্য সেবা পুনঃস্থাপনকারী বৈদ্যুতিক কোম্পানির জন্য 24 ঘণ্টার মধ্যে বিদ্যুৎ সংযোগ পুনঃস্থাপন করতে না পারলে তা স্থানীয় কাউন্টির জরুরি ব্যবস্থাপনা অফিসে জানানো আবশ্যক করে

গভর্নর হোকল আজকে বিধিমালার একটি প্যাকেজে স্বাক্ষর করেছেন যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে দুর্যোগ প্রস্তুতি প্রয়াস উন্নত করবে।

"নিউ ইয়র্ক স্টেটে আমরা দুর্যোগ আঘাত হানার জন্য অপেক্ষা করি না, আপনারা কয়েক ধাপ এগিয়ে থাকি এবং সঙ্কটের সময় জরুরি সংস্থান নিযুক্ত করতে প্রস্তুত থাকি," **গভর্নর হোকল বলেন।** "আমরা নিউ ইয়র্ক স্টেটজুড়ে আমাদের জরুরি প্রস্তুতি প্রচেষ্টা বলীয়ান করা অব্যাহত রাখছি, নিশ্চিত করছি যাতে মেডিকেল সেবা, ইউটিলিটি, এবং অন্যান্য অত্যাবশ্যকীয় সংস্থান বিপদের সময় উপলভ্য থাকে। স্টেটের জরুরি পরিকল্পনা ও সাড়াদান সক্ষমতা জোরদার করতে এবং নিউ ইয়র্ক যাতে যেকোনো দুর্যোগের জন্য তৈরি থাকে তা নিশ্চিত করতে আমার প্রশাসন নিবিড়ভাবে মনোযোগী থাকবে।"

বিধিমালা (A.25/S.3275) বিশেষ কিছু ইউটিলিটি ও অন্য কর্মীদের জরুরি অবস্থায় ঘোষিত যাতায়াত নিষেধাজ্ঞা থেকে রেহাই দেয়। জরুরি প্রস্তুতি এবং সাড়াদানের ক্ষেত্রে ইউটিলিটি এবং

অন্যান্য কর্মীদের ভূমিকা একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। কিছু সম্প্রদায় সাম্প্রতিক ঝড়ের সময় দীর্ঘমেয়াদি বিদ্যুৎ ও যোগাযোগ বিভ্রাটের সম্মুখীন হতে হয়েছে যার জন্য অনেকাংশে ইউটিলিটি কর্মীদের মেরামত করা দরকার এমন বৈদ্যুতিক ও যোগাযোগ অবকাঠামোর কাছে সশরীরে পৌঁছাতে না পারা দায়ী। এই নতুন আইনটি স্টেটব্যাপী স্পষ্টতা, অভিন্নতা, এবং ইউটিলিটি ও অন্যান্য কর্মীদের দুর্যোগের এলাকায় যাওয়া আসা করার সাধারণ অনুমতি প্রদান করবে যাতে করে তারা বিদ্যুৎ পুনঃস্থাপন করতে পারে এবং রক্ষণাবেক্ষণ পরিষেবা প্রদান করতে পারে।

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "ক্রমবর্ধমান বিপজ্জনক আবহাওয়া ধাঁচের যুগে, দুর্যোগের জন্য প্রস্তুত থাকতে আমাদের সকল পদক্ষেপ গ্রহণ জরুরি। প্রায়শই সম্প্রদায়গুলি জরুরি অবস্থায় ত্রুটিপূর্ণ অবকাঠামো প্রটোকলের কারণে দীর্ঘমেয়াদি শক্তি, বিদ্যুৎ, এবং ইউটিলিটি বিভ্রাটের সম্মুখীন হয়, যেমনটি আমরা সুপারস্টর্ম স্যান্ডির সময় দেখেছি। আমি বিধিমালার এই দুইটি অংশ স্পন্সর করতে পেরে গর্বিত, যা আমাদের অবকাঠামো উন্নত করতে এবং দুর্যোগের সময় নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন মেটাতে সাহায্য করবে। এই বিলগুলি স্বাক্ষর করার জন্য এবং আমাদের জরুরি প্রস্তুতিকে বলীয়ান করতে পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন কাহিল বলেন, "যখন গত শীতের মৌসুমে আলস্টার কাউন্টিতে ঝড় হয়, তখন গভর্নর ক্যাথি হোকল এখানে মাঠ পর্যায়ে পৌঁছানো প্রথম ব্যক্তি ছিলেন। তিনি জানেন দায়বদ্ধ পক্ষগুলির জন্য অ্যাক্সেস কতটা জরুরি। যখন অত্যাবশ্যকীয় ইউটিলিটি এবং যোগাযোগ সেবা বন্ধ থাকে, তখন সেই পরিষেবাগুলি যত দ্রুত সম্ভব পুনঃস্থাপন করতে হবে। এই ব্যবস্থা (A.25) নকশা করা হয়েছে সেই পুনঃস্থাপন করার ক্ষেত্রে বৈধ আইনি প্রতিবন্ধকতা অপসারণ করার জন্য। এটি জরুরি ইভেন্টের সাথে সম্পর্কিত যাতায়াত নিষেধাজ্ঞার সময় অত্যাবশ্যকীয় কাজের কর্মীদের চলাচল নিয়ন্ত্রণকারী স্টেট ও স্থানীয় জোড়াতালি দেওয়া আইনসমূহকে স্টেটব্যাপী অভিন্ন করবে। এই সাধারণ বুদ্ধির আইনটি প্রণয়ন করা হলে কাজের কর্মীরা একটি প্রাকৃতিক বা মানবসৃষ্ট বিপর্যয় সৃষ্টিকারী ঘটনার পর নিউ ইয়র্কবাসীদের জন্য বিদ্যুৎ, যোগাযোগ ও অন্যান্য অত্যাবশ্যকীয় সেবা পুনঃস্থাপন করার জন্য বৈধভাবে আমাদের স্টেটের রাস্তায় যাতায়াত করতে পারবে।"

বিধিমালা (A.1905/S.1086) ফার্মেসি, হাসপাতাল, এবং নার্সিং হোমগুলির জন্য ঘোষিত দুর্যোগের সময় ওষুধ ও মেডিকেল সরঞ্জাম সরবরাহ করার একটি পরিকল্পনা রাখা আবশ্যক করে। স্টেট ঘোষিত একটি জরুরি অবস্থার সময় নিউ ইয়র্কবাসীদের চিকিৎসা সেবা পাওয়ার সুযোগ থাকা অতি গুরুত্বপূর্ণ। এই বিধিমালাটি স্টেটের প্রস্তুতি পরিকল্পনাতে ফার্মেসি, হাসপাতাল, এবং নার্সিং হোমগুলিকে একটি দুর্যোগ এলাকার মধ্যে জরুরি স্বাস্থ্য চিকিৎসা সেবা প্রদান করতে সাহায্য করার জন্য পদক্ষেপ অন্তর্ভুক্ত করা আবশ্যক করবে।

স্টেটের সিনেটর জিম গগরান বলেন, "আমি এই বিলটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই, আমরা জানি যে এটি পরবর্তীতে সম্প্রদায়ের প্রধান ক্ষয়ক্ষতি ও বিদ্যুৎ বিভ্রাট সৃষ্টিকারী একটি মারাত্মক ঝড় হলে জীবন বাঁচাবে।"

অ্যাসেম্বলি সদস্য জেফ্রি ডিনোউইজ বলেন, "বিশেষ করে যখন আমরা দ্রুত পরিবর্তনশীল জলবায়ুর সাথে, যেখানে প্রাকৃতিক দুর্যোগ আরো ঘনঘন এবং তীব্র হচ্ছে, নিজেকে মানিয়ে নিচ্ছি, তখন যাদের প্রয়োজন আছে তাদের জন্য স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ বহাল রাখতে নিউ ইয়র্কের জন্য যতটা সম্ভব প্রস্তুত থাকা অপরিহার্য। এই বিধিমালার ব্যাপারে পূর্বের উদ্বেগসমূহের সমাধান করতে জোরেশোরে কাজ করার জন্য গভর্নর হোকল ও তার দলকে, এবং অন্য চেম্বারে তার অংশীদারিত্বের জন্য স্টেটের সিনেটর গগরানকে ধন্যবাদ।"

বিধিমালা (A.3217A/S.931A) নিশ্চিত করে যাতে বিশেষ মেডিকেল ডিভাইস ব্যবহারকারী ব্যক্তিদের কাছে জরুরি অবস্থায় বিদ্যুৎ পাওয়ার সুযোগ থাকে। কী ধরনের মেডিকেল ডিভাইস বা সরঞ্জাম ব্যক্তিদেরকে জরুরি অবস্থায় অত্যাবশ্যকীয় বিদ্যুৎ পাওয়ার জন্য যোগ্য করবে, বিধিমালাটি তা সংজ্ঞায়িত করে। যেমনটি সাম্প্রতিক দুর্যোগ সমূহের সময় দেখা গেছে, মেডিকেল কারণে বিদ্যুতের প্রয়োজন এমন বহু ব্যক্তিকে জরুরি অবস্থায় বিদ্যুৎ ছাড়াই থাকতে হয়েছে। এই বিধিমালাটি সেই সকল ব্যক্তিকে রক্ষা করতে চায় যাদের জন্য তাদের মেডিকেল সরঞ্জামের বা অন্য সরঞ্জামের জন্য বিদ্যুৎ না পাওয়া গেলে বিপর্যয় সৃষ্টিকারী বা প্রাণঘাতী পরিণতি হতে পারে। একটি অ্যাপেনা মনিটরের প্রয়োজন থাকা একজন নবজাতক থেকে শুরু করে গরম ও আর্দ্রতার কারণে দুর্বল করে দেওয়ার মতো অ্যাজমা শুরু হতে পারে এমন ব্যক্তি পর্যন্ত, এই বিধিমালাটি মানুষকে অতি গুরুত্বপূর্ণ সেবার সাথে সংযুক্ত করে অগণিত জীবন রক্ষা করবে।

বিধিমালা (A.3318C/S.926C) পুলিশ বিভাগ, দমকল বিভাগ, এবং অ্যাম্বুলেন্স পরিষেবার জন্য সেবা পুনঃস্থাপনকারী বৈদ্যুতিক কোম্পানির জন্য 24 ঘণ্টার মধ্যে বিদ্যুৎ সংযোগ পুনঃস্থাপন করতে না পারলে তা স্থানীয় কাউন্টির জরুরি ব্যবস্থাপনা অফিসে জানানো আবশ্যক করে। পুলিশ, দমকল এবং অ্যাম্বুলেন্স পরিষেবার মতো সেবাসমূহকে রক্ষা করা নাগরিকদের জীবন, বিশেষ করে দুর্যোগের সময়, রক্ষা করতে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই নতুন আইনটি সকল পুলিশ, দমকল, এবং অ্যাম্বুলেন্স পরিষেবা যাতে সকল জীবন রক্ষাকারী ব্যবস্থা সক্রিয় রাখতে, এবং সেই সাথে তাদের মৌলিক কর্মকাণ্ড পরিচালনা করতে পর্যাপ্ত বিদ্যুৎ পায় তা নিশ্চিত করবে।

স্টেট সিনেটর আনা এম. কাপলান বলেন, "একটি বড় ঝড়ের পর প্রথম সাড়াদানকারী এবং মারাত্মক মেডিকেল পরিস্থিতিসহ ব্যক্তিদেরই সর্বপ্রথম বিদ্যুৎ ফেরত পাওয়া উচিত, কিন্তু স্যান্ডি এবং ইসাইয়াসের পর আমরা দেখেছি যে অনেক দুঃস্থ লং আইল্যান্ড অধিবাসী, ফায়ারহাউজ, এবং পুলিশ স্টেশন অনেক বেশি সময় অন্ধকারে থেকেছে। জরুরি অবস্থার সময় আমাদেরকে আমাদের প্রথম সাড়াদানকারী এবং আমাদের সর্বাপেক্ষা দুঃস্থ প্রতিবেশীদের খেয়াল রাখতে হবে, এবং আমার বিধিমালা নিশ্চিত করবে যাতে তাদের অগ্রাধিকার প্রদান করা হয় এবং তাদের সাথে যত্নশীল আচরণ করা হয়। এগুলি সাধারণ বুদ্ধির সংশোধন এবং আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল এগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন।"

অ্যাসেম্বলি সদস্য ন্যাডার জে. সায়েজ বলেন, "ভবিষ্যতে যখন আমরা ব্যাপক বিস্তৃতির ঝড় সংক্রান্ত বিদ্যুৎ বিভ্রাট সামাল দিতে থাকবো, তখন আমার বিধিমালার বিলটি আমাদের পুলিশ, দমকল, এবং অ্যাম্বুলেন্স পরিষেবাতে বিদ্যুৎ পুনঃস্থাপনকে অগ্রাধিকার দিবে, এবং যেসব

গ্রাহকের জীবন রক্ষাকারী মেডিকেল সরঞ্জাম সক্রিয় রাখতে বিদ্যুতের প্রয়োজন হয় তাদের সহায়তা করার জন্য বিশেষ বিশেষ সেবাদানকারীদের জন্য আউটরিচ পরিকল্পনা রাখা আবশ্যক করবে। এটি একটি সাধারণ বুদ্ধির ব্যাপার যে আমাদের জরুরি সাড়াদানকারী এবং জীবন রক্ষাকারী মেডিকেল সরঞ্জামসহ মানুষের বিদ্যুৎ প্রয়োজন। আমি এটি জানতে পেরে আনন্দিত যে এই গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানকারী আমার বিধিমালাটি আইনসভার উভয় হাউজে ব্যাপক দ্বিপক্ষীয় সমর্থন পেয়ে পাশ করেছে। আমি গভর্নর হোকলকে এই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য যা সকল নিউ ইয়র্কবাসীকে রক্ষা করবে।"

IBEW ইউটিলিটি লেবার কাউন্সিলের (IBEW Utility Labor Council) প্রধান এবং IBEW লোকাল 1049 (IBEW Local 1049) এর ব্যবসা ব্যবস্থাপক প্যাট গাইডিস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ভোক্তাদের জন্য অত্যাবশ্যকীয় ইউটিলিটি সেবা উপলভ্য পাওয়া অধিক গুরুত্বপূর্ণ। সঙ্কটের সময়, বিশেষ করে ঝড়ের সময়, সেবার পুনঃস্থাপন করা আমাদের মহান স্টেটের অর্থনৈতিক ইঞ্জিন চালনা করার জন্য যেমন অত্যাবশ্যকীয়, তেমনি আমাদের সম্প্রদায়সমূহে আরাম ও নিরাপত্তা আনার জন্যও প্রয়োজন। একটি বিপর্যয়ের সময়, নিউ ইয়র্ক স্টেটজুড়ে ইউটিলিটি কর্মীরা অত্যাবশ্যকীয় পরিষেবা পুনঃস্থাপন করতে সবথেকে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের মধ্যে থাকে। বিদ্যুৎ বিভ্রাট প্রাণহানির কারণ হতে পারে তাই দ্রুত ও নিরবচ্ছিন্ন নিয়োগ নিশ্চিত করা আবশ্যক। আজকে আমরা নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকলকে A.25/S.3275 বিলটি আইন হিসেবে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাচ্ছি যা বিশেষ ইউটিলিটি ও অন্যান্য কর্মীদের ঘোষিত জরুরি অবস্থার যাতায়াত নিষেধাজ্ঞা থেকে রেহাই দেয়।"

লোক্যাল 1-2, নিউ ইয়র্ক, আমেরিকান ইউটিলিটি ওয়ার্কার্স ইউনিয়ন (Utility Workers Union of America), AFL-CIO, প্রেসিডেন্ট জেমস শিলিটো বলেন, "আমার সদস্যদের, এবং স্টেটব্যাপী ইউটিলিটি কর্মীদের পক্ষে, আবহাওয়ার ইভেন্ট বা অন্যান্য বিপদ যাতায়াত সীমাবদ্ধ করে দেওয়ার সময় আমাদেরকে দ্রুত প্রতিক্রিয়া জানানোর সক্ষমতা প্রদানের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। ছুটির মৌসুমের সপ্তাহান্তের চরম আবহাওয়ার পূর্বাভাস আমাদের পরীক্ষা নিতে এপারে। এখন, আমরা, সকল অত্যাবশ্যকীয় কর্মীর মতো, যখন জনগণের আমাদেরকে সবথেকে বেশি প্রয়োজন হবে তখন সাড়াদান করতে পারবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418